রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নম্বর ৪০-আইন/২০১৬।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা সামরিক চিকিৎসা সার্ভিস অধিদপ্তর (মাতৃমঙ্গল, শিশুকল্যাণ ও পরিবার পরিকল্পনা শাখা) এবং উহার আওতাধীন আন্তঃবাহিনী মেডিক্যাল ইউনিট (এএফএমআই, এএফআইপি, এএফএমএসডি এবং এএফএফএন্ডডি ল্যাব:) এর বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(৩) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(৪) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লিখিত যোগ্যতা;

(৬) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(৭) "সিজিপিএ" অর্থ Cummulative Grade Point Average; এবং

(৮) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও উহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে;

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা-বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ থেকে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পন্ন হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ, যদি—

(ক) এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন ।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণের (সামরিক চিকিৎসা সার্ভিস অধিদপ্তর এবং তদাধীন মাতৃমঙ্গল এবং শিশু কল্যাণ ও পরিবার পরিকল্পনা শাখা) নিয়োগ বিধিমালা, ১৯৯০, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণসত্ত্বেও—

(ক) এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিতপূর্বে উক্ত বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত অধঃস্তন সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) উক্ত বিধিমালার অধীন গৃহীত বা কৃত কার্যসমূহ এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (২) এর প্রাসঙ্গিকতাকে ক্ষুণ্ন না করিয়া এই বিধিমালা প্রবর্তনকালে উক্ত বিধিমালার মাধ্যমে গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত বিধিমালার অধীন এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

**তফসিল**

**[বিধি ২(২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | প্রিন্সিপাল রিসার্চ অফিসার (সিজিও-১) | অনূর্ধ্ব ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র রিসার্চ অফিসার (সিজিও-১) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, বায়োকেমিস্ট্রি, ফুড এন্ড নিউট্রিশন, ফার্মেসী, ফার্মাকোলজি বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপি-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, বায়োকেমিস্ট্রি, ফুড এন্ড নিউট্রিশন, ফার্মেসী, ফার্মাকোলজি বা মাইক্রোবায়োলজি বিষয়ে এমফিল বা এমএস বা পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২) | সিনিয়র রিসার্চ অফিসার (সিজিও-১) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, বায়োকেমিস্ট্রি, ফুড এন্ড নিউট্রিশন, ফার্মেসী, ফার্মাকোলজি বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, বায়োকেমিস্ট্রি, ফুড এন্ড নিউট্রিশন, ফার্মেসী, ফার্মাকোলজি বা মাইক্রোবায়োলজি বিষয়ে এমফিল বা এমএস বা পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| (৩) | উপ-সহকারী মহা-পরিচালক সামরিক চিকিৎসা সার্ভিস (রঞ্জন রশ্মি/ ইলেকট্রোমেডিক্যাল ইকুইপমেন্ট) (সিজিও-১) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমেঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) অফিসার ইনচার্জ স্টক কন্ট্রোল-(সিজিও-১) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী;<br>(খ) অফিসার ইনচার্জ-আরএসএসডি/স্যালভাস স্টোরস (সিজিও-১) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরী; এবং<br>(গ) ডিএডিজিএমএস (ইকুইপমেন্ট) (সিজিও-১) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিকস্ অথবা তড়িৎ ও ইলেকট্রনিকস্ প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার বা রঞ্জনরশ্মি বা ইলেকট্রোমেডিক্যাল যন্ত্রপাতি বা প্রকিউরমেন্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | অফিসার ইনচার্জ স্টক কন্ট্রোল (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফার্মেসি বা ফলিত রসায়ন বা প্রাণ রসায়ন বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; |
| (৫) | অফিসার ইন চার্জ আরএসএসডি/স্যালভেস ষ্টোরস (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিকস্ বা তড়িৎ ও ইলেকট্রনিকস্ প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; |
| (৬) | ডিএডিজিএমএস (ইকুইপমেন্ট) (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিকস্ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |
| (৭) | কিউরেটর (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণীবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী।<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৮) | এনটোমলজিষ্ট (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এনটোমলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী।<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| (৯) | ফটোমাইক্রোগ্রাফার (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফী বিষয়ে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার)বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী।<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি কোন প্রতিষ্ঠানে ফটোগ্রাফী বিষয়ে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১০) | ডিজাইনার (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) আর্টিষ্ট (সিজিও-২) পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে চারুকলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে চারুকলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী।<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি কোন প্রতিষ্ঠানে ডিজাইনার হিসেবে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| (১১) | লাইব্রেরীয়ান (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী লাইব্রেরীয়ান (সিজিও-২) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২) | পরিসংখ্যান (সিজিও-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |
| (১৩) | প্রশাসনিক কর্মকর্তা (সিজিও-২১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |
| (১৪) | সহকারী লাইব্রেরীয়ান (সিজিও-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** ক্যাটালগার (সিজিও-২) পদে অন্যূন ১০ বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৫) | হিসাবরক্ষক (সিজিও-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (১৬) | অফিস সহকারী/ উচ্চমান করণিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট অনুমোদিত পদের ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে<br>এবং<br>মোট অনুমোদিত পদের ২৫% পদ সরাসরি নিয়োগে মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>টাইপিষ্ট-কাম-ক্লার্ক বা অফিস করণিক বা এলডিএ-কাম-টাইপিষ্ট বা মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| (১৭) | রিসার্চ এ্যাসিসট্যান্ট (গ্রেড-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিষয়সহ বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; |
| (১৮) | ল্যাবরেটরী সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ল্যাব পরিচারক বা ল্যাব বিয়ারার পদে অন্যূন ১০ বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিষয়সহ বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>অথবা<br>ল্যাবরেটরী বিষয়ক কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৯) | ক্যাটালগার (সিজিও-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>লাইব্রেরী সহকারী কাম টাইপিষ্ট পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (২০) | আর্টিষ্ট (সিজিও-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে চারুকলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (২১) | ড্রাফটস্ম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>পেইন্টার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ‘ড্রাফটস্ম্যানশীপ’ বিষয়ে ডিপ্লোমা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২২) | এফপিএ/ওটিএ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>এফ ডব্লিউ এ পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকরি এবং অপারেশন থিয়েটারে কাজের বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এফ পিএ/ওটিএ বা সরকারি/বেসরকারি সংস্থায় অপারেশন থিয়েটার কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (২৩) | কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী; তবে "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটাএন্ট্রি ও টাইপিং ইত্যাদিতে সর্বনিম্নগতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা :<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং<br>(খ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| (২৪) | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইলেকট্রিশিয়ান হিসেবে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৫) | লাইব্রেরী সহকারী-কাম টাইপিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) বুক বাইন্ডার পদে ০৩ (তিন) বৎসরের চাকরি;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসহ কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসহ কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা। |
| (২৬) | মিউজিয়াম কেয়ারটেকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জীববিজ্ঞানসহ অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ :<br>তবে মৃতদেহ রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |
| (২৭) | এফ ডব্লিউ এ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>অথবা<br>এফ ডব্লিউ এ পদে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের সিজিপিএ-তে সার্টিফিকেট কোর্স বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৮) | ড্রাইভার | The Gazetted and Non-Gazetted staff (Government Transport Directorate) (Recruitment Rules, 1984 এ বিধৃত যোগ্যতা অনুযায়ী। | | |
| (২৯) | স্টোরম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ :<br>তবে কম্পিউটার বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |
| (৩০) | অগ্নিনির্বাপক তত্ত্বাবধায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে | অগ্নিনির্বাপক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি। |
| (৩১) | ফটোগ্রাফার সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফী বিষয়ে বেসিক সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ:<br>তবে ফটোল্যাব কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |
| (৩২) | বুক বাইন্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>(ক) অফিস সহায়ক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) বই বাঁধাই কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বই বাঁধাই কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৩) | পেইন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) পেইন্টার পদে ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৩৪) | কাটলার/ফিটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কাটলার/ফিটার পদে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৩৫) | টিন স্মিথ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) শ্রমিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৩৬) | কার্পেন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কার্পেন্টার পদে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৩৭) | বাটলার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ক্যাটারিং বিষয়ে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ। |
| (৩৮) | ল্যাব পরিচারক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৩৯) | অগ্নিনির্বাপক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪০) | ল্যাব বিয়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| (৪১) | পেকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| (৪২) | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৪৩) | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| (৪৪) | শ্রমিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| (৪৫) | আয়া | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মহিলা প্রার্থী হইতে হইবে; এবং<br>(গ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| (৪৬) | বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৭) | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| (৪৮) | সহকারী বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| (৪৯) | মেসওয়েটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| (৫০) | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে; এবং (গ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী হাবিবুল আউয়াল**

সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd